

৮. ‘...তুমি বীরশ্রেষ্ঠ, পুরুষের যাহা ধর্ম, তাহা তুমি পালন করিতেছ, তোমার লক্ষ্মীকে নারীর ধর্ম পালন করিতে দাও।’ প্রসঙ্গ উল্লেখ করে ‘মহারাষ্ট্র জীবন-প্রভাত’ উপন্যাসে ‘পুরুষের ধর্ম’ ও ‘নারীর ধর্ম’ বিষয়টি কীভাবে প্রাসঙ্গিক হয়ে উঠেছে আলোচনা করো। ১০

৫. নিজের সামাজিক প্রতিষ্ঠা না দিলেও কমলাকান্তকে বক্ষিষ্ণন্দ্র দিয়েছিলেন তাঁর মেধা, বিদ্যা ও সামাজিক মতাদর্শ। তোমার পড়া প্রবন্ধগুলির ভিত্তিতে মন্তব্যটি বিচার করো। ১০

অথবা

৬. ‘সীতার বনবাসে’ বিদ্যাসাগর কোনো একটি বইয়ের পূর্ণাঙ্গ অনুবাদ করেন না; দুই উৎসের অংশ বিশেষ অনুবাদ করে জুড়ে দেন। এই পরিকল্পনার কারণ ও সার্থকতা বিষয়ে তোমার মত জানাও। ১০

৭. “হিন্দুধর্মের শ্রেষ্ঠতা বিষয়ক” বক্তৃতা দিতে গিয়ে, প্রথম জীবনে পাশ্চাত্য আদর্শে অতিমাত্রায় প্রভাবিত রাজনারায়ণ বসু, ইয়ংবেঙ্গলের সমালোচনা করে বলেন, তাঁদের কার্যকলাপ জাতির বন্ধনকে শিথিল করেছে। রাজনারায়ণ বসুর এই সমালোচনাকে তুমি কীভাবে পড়ে আলোচনা করো। ১০

অথবা

৮. “তত্ত্ববোধিনী পাঠশালা” প্রবন্ধে শিক্ষক অক্ষয়কুমার দন্ত ভাবীকালের ভারতবাসীর জন্য যে শিক্ষাব্যবস্থার প্রস্তাব করেন, তা কেমন ছিল? এই শিক্ষাব্যবস্থায় জোর দেওয়ার কারণ কী বলে তোমার মনে হয়? ১০

কলাস্নাতক অন্ত্য সিমেস্টার পরীক্ষা, ২০১৭

(দ্বিতীয় বর্ষ, চতুর্থ সিমেস্টার)

বাংলা

উনিশ শতকের বাংলা সাহিত্য (পর্ব-১)

কোর্স ইউ.জি. - ৪.২

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসে অমর আর রোহিণী যেন শুধু দুই চরিত্রের নাম নয়, তারা নারীর দুই বিপরীত আদল যেখানে অমরকে আদর্শায়িত ও মহিমান্বিত করা হয়। বিষয়টি আলোচনা করে এ ব্যাপারে তোমার মত বিশদভাবে জানাও। ১০

অথবা

২. ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসের পরিণতি নিয়ে কিছু বিতর্ক আছে। তার পরিচয় দিয়ে এ বিষয়ে তোমার নিজের মত প্রতিষ্ঠা করো। ১০

৩. ‘মহারাষ্ট্র জীবন-প্রভাত’ উপন্যাসের রাজনৈতিক পটভূমিতে ‘হিন্দু’ ও ‘মুসলমানে’র পরিচয়টি কীভাবে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে লেখো। ১০

— X —

(Turn over)